



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
গফরগাঁও, ময়মনসিংহ।



e-mail: [useogofargaon@gmail.com](mailto:useogofargaon@gmail.com)  
web : [dshe.gafargaon.mymensingh.gov.bd](http://dshe.gafargaon.mymensingh.gov.bd)

স্মারক নং- উমাশিঅ/গফর/ময়মনসিংহ/৯৮,

তারিখ: ১৪/০৩/২০২৪ খ্রি.

বিষয়: বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৪ আয়োজন প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.২২.৬০৩.১৮-১৭৬, তারিখ: ২৯/০২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় অনন্য সাধারণ মেধা অন্বেষণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে জাতীয় পর্যায় পর্যন্ত বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৪ আয়োজন করা হয়েছে। দেশের সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক পর্যায় হতে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত (৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) ছাত্র-ছাত্রী প্রতিযোগিতার মাধ্যমে ১. ভাষা ও সাহিত্য, ২. দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান, ৩. গণিত ও কম্পিউটার, ৪. বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ, ৫. বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য) সহ মোট পাঁচটি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার সময়সূচী:

- ১। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে: ১৮ ও ১৯ মার্চ, ২০২৪
  - ২। উপজেলা পর্যায়ে: ২৪ মার্চ ২০২৪, সকাল- ১০:০০ ঘটিকা।
- স্থান: উপজেলা পরিষদ বিদ্যালয়কেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ।

ছাত্র-ছাত্রীদের বাছাইয়ের পদ্ধতি:

ক্রমিক	শ্রেণি	বিষয়					মনোনয়নকৃত মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা
		ভাষা ও সাহিত্য	দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান	গণিত ও কম্পিউটার	বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ	বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য)	
১.	৬ষ্ঠ থেকে ৮ম-সমপর্যায়	১	১	১	১	১	৫
২.	৯ম থেকে ১০ম-সমপর্যায়	১	১	১	১	১	৫
৩.	একাদশ থেকে দ্বাদশ-সমপর্যায়	১	১	১	১	১	৫

নির্ধারিত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠান সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার আয়োজন করবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী মেধাবীদের পুরস্কৃত করবেন (পরীক্ষা গ্রহণের স্থির চিত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে)। উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের শিক্ষার্থীদের মধ্য হতে প্রতিযোগিতার মাধ্যমে বাছাইকৃত সেরা শিক্ষার্থীদের প্রাথমিকভাবে ০৩ (তিনটি) পর্যায়ে ০৫ (পাঁচটি) বিষয়ের বিপরীতে সৃজনশীল মেধা হিসেবে স্বাক্ষর রাখতে পারে এমন শিক্ষার্থী উপজেলা পর্যায়ে মনোনয়ন দিবেন। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত বিষয় ছাড়া সাধারণ বিষয়গুলোতেও অংশগ্রহণ করতে পারবে।

সেরা মেধা যাচাইয়ের পদ্ধতি :

ভাষা ও সাহিত্য :

- ক. তাত্ক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি, লিখিত), নম্বর- ১০+১০=২০  
খ. পর্যায়ক্রমে বাংলায় গল্প, নম্বর- ১৫  
গ. উপস্থিত বক্তৃতা (ইংরেজি), নম্বর- ১৫

৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান)

- ক. MCQ, নম্বর- ১০  
খ. সমস্যা সমাধান, নম্বর- ২০  
গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন, নম্বর- ২০

গণিত ও কম্পিউটার

- ক. গণিত (লিখিত), নম্বর- ২৫  
খ. কম্পিউটার (লিখিত), নম্বর- ১০  
গ. গণিত (মৌখিক), নম্বর- ০৫  
ঘ. কম্পিউটার (সমস্যা সমাধান), নম্বর- ২০

বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ

- ক. লিখিত নম্বর- ৩০  
খ. MCQ নম্বর- ১৫  
গ. মৌখিক নম্বর ০৫

বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ (শুধুমাত্র প্রতিবন্ধী/অটিস্টিক শিক্ষার্থীদের জন্য)

- ক. লিখিত : নম্বর- ৩০  
খ. MCQ : নম্বর- ১৫  
গ. মৌখিক : নম্বর- ০৫

এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠান গ্রুপ ভিত্তিক প্রতি বিষয়ে ১ (এক) জন করে শিক্ষার্থীর তালিকা আগামী ১৯.০৩.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ রফিকুল ইসলাম ভূঞা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

..... কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা

গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উমাশিঅ/গফর/ময়মনসিংহ/১৮,

তারিখ: ১৪/০৩/২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৪. ...., সদস্য, উপজেলা পর্যায়ে প্রতিযোগিতামূলক বাছাই কমিটি, গফরগাঁও, ময়মনসিংহ।
৫. প্রধান শিক্ষক, উপজেলা পরিষদ বিদ্যানিকেতন, গফরগাঁও, ময়মনসিংহ  
(অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. জনাব .....
৭. অফিস কপি।



(মোঃ রফিকুল ইসলাম ভূঞা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।